

জ্বালানি অপরাধীদের বিচারে উদ্যোগ নিচ্ছে না সরকার

সিআইপিজির সেমিনারে বক্তারা

■ সমকাল প্রতিবেদক

বিএনপি সরকার ক্ষমতায় আসার পর থেকে জ্বালানি সংকট মোকাবিলা করেছে। তবে জ্বালানি অপরাধীদের বিচারে উদ্যোগ নিচ্ছে না। এতে প্রশ্ন উঠছে, তারা আওয়ামী লীগ আমলের ধারাবাহিকতা রক্ষা করেছে কিনা।

গতকাল শনিবার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে সেমিনারে এসব কথা বলেন বক্তারা। ‘জ্বালানি সংকটের কারণ ও প্রভাব এবং সমাধান’ শীর্ষক সেমিনারের আয়োজন করে সেন্টার ফর ইনক্লুসিভ পলিসি অ্যান্ড গভর্ন্যান্স (সিআইপিজি)। এতে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ও সিআইপিজির চেয়ারম্যান মোজাম্মেল হক। সঞ্চালনা করেন সাবেক সচিব মু. আবদুল কাইয়ুম।

সেমিনারে কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) জ্বালানি উপদেষ্টা অধ্যাপক এম শামসুল আলম বলেন,

জ্বালানি সংকটের কারণে দ্রব্যমূল্য বেড়েছে। সরকার সংকট মোকাবিলায় চেষ্টা চালালেও জ্বালানি অপরাধীদের বিচারের ব্যবস্থা না করায় প্রশ্ন উঠছে— তারা আওয়ামী লীগের জুতা পরে হাঁটছে কিনা। তিনি আরও বলেন, বিগত সরকারের আমলে এটিকে সেবা খাত থেকে বাণিজ্যিক খাতে রূপান্তর করায় লুণ্ঠন ও দুর্নীতির চারণভূমিতে পরিণত হয়েছে। অন্তর্বর্তী সরকার নানা সংস্কারের কথা বললেও কাঠামোগত রূপান্তরিত জ্বালানি ব্যবস্থাকে অক্ষত রেখে দুর্নীতি ও লুণ্ঠনকে সুরক্ষা দিয়েছে।

এ ছাড়া বক্তারা বলেন, লুণ্ঠনকারী ও জ্বালানি অপরাধীদের বিচারের গেজেট কেন প্রকাশ হবে না— এ প্রশ্নের উত্তর মানুষ জানতে চায়। বর্তমান সরকারকে তেল-গ্যাসের পাশাপাশি বিকল্প জ্বালানির উৎস নিশ্চিত করতে হবে।

সেমিনারে পাঁচটি সুপারিশ তুলে ধরা হয়। সেমিনারে আলোচনায় অংশ নেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইজাজ হোসেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ ইসমাইল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনারারি প্রফেসর বদরুল ইসলাম, সাবেক সিনিয়র সচিব খ ম কবিরুল ইসলাম প্রমুখ।